

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২২৪

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَن سعد قَالَ: مَرِضْتُ مَرَضًا أَتَانِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعُودُنِي فَوَضَعَ يَدَهُ بَيْنَ ثَدْيِيَّ حَتَّى وَجَدْتُ بَرْدَهَا عَلَى فُوَّادِي وَقَالَ: «إِنَّكَ رجلٌ مَفْؤُودٌ النَّتِ الْحَارِثَ بْنَ كَلَدَةَ أَخَا تَقِيفٍ فَإِنَّهُ رجل يتطبب فليأخذ سبع تمرات منم عَجْوَةِ الْمَدِينَةِ فَلْيَجَأْهُنَّ بنوَاهُنَّ ثُمَّ لِيَلُدَّكَ بهِنَّ» . رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

৪২২৪-[৬৬] সা'দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক সময় আমি মারাত্মকভাবে পীড়িত হয়ে পড়লাম। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমার খোঁজ-খবর নিতে তাশরিফ আনলেন। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) নিজের হাতখানা আমার দু' স্তনের মাঝখানে (বুকের উপর) রাখলেন। তাতে আমি আমার কলিজায় শীতলতা অনুভব করলাম। অতঃপর তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তুমি একজন হদ-বেদনার রোগী। সুতরাং তুমি সাক্লীফ গোত্রীয় হারিস ইবনু কালদাহ্-এর নিকট যাও। সে একজন চিকিৎসক। পরে তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ সে যেন অবশ্যই মদীনার সাতিটি 'আজওয়াহ্ খেজুর বীচিসহ পিষে তোমার মুখের মধ্যে ঢেলে দেয়। (আবু দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩৮৭৫, য'ঈফুল জামি'উস্ সগীর ২০৩৩, আল মু'জামুল কাবীর লিতু ত্ববারানী ৫৩৪৬, য'ঈফুল জামি' ২০৩৩।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ হলো মুজাহিদ সা'দ হতে বর্ণনা করাটা মুরসাল। আবূ যুর্'আহ্ আর্ রাযী এমনটিই বলেছেন। বিস্তারিত দেখুন- 'আওনুল মা'বূদ ১০/২৫৫ পৃঃ, হাঃ ৩৮৭৫।

#### ব্যাখ্যা



ব্যাখ্যাঃ এখানে الدود 'লুদূদ' হলো রোগীর মুখে ঔষধ ঢেলে দিয়ে পান করানো। অর্থাৎ- ঔষধ পানিতে রাখবে, অতঃপর পানির সাথে মিশিয়ে উক্ত পানি রোগীর মুখে ঢেলে দিতে হবে। খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ মানুষের মুখের দুই প্রান্ত দিয়ে যা পান করানো হয় তাকে লুদূদ বলা হয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ পদ্ধতিতে ঔষধ সেবন করার কথা বলার কারণ হলো তিনি রোগীকে এমন অবস্থায় পেয়েছেন যে, উল্লেখিত পদ্ধতি ছাড়া তাকে ঔষধ সেবন করানো সম্ভব ছিল না। অথবা এ পদ্ধতিতে ঔষধ সেবন করানোটা রোগমুক্তির অগ্রগামী ও অধিক উপকারী এবং সহজতর। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ডাক্তারকে এ পদ্ধতিতে ঔষধ তৈরি ও রোগীকে সেবন করার নির্দেশ দিয়েছেন, কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ পদ্ধতিতে ঔষধ বানানো ও ব্যবহারের ক্ষেত্রে অভিজ্ঞ ছিলেন। ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৩৮৭১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন